গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

বিষয় ঃ ১০/১২/২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ।
স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ১০/১২/২০১৯, সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য উপসচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। উপসচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে জননিরাপত্তা বিভাগ দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতে প্রস্তাবিত বাজেট, ২০২০-২০২১ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রক্ষেপণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

**(ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা/প্রক্ষেপন** **(অংকসমূহ হাজার টাকায়)**

| ক্রঃনং | জননিরাপত্তা বিভাগ/ দপ্তর/অধিদপ্তর | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ২০১৯-২০২০ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ২০২০-২০২১ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রক্ষেপন ২০২১-২০২২ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রক্ষেপন ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|
| ০১ | জননিরাপত্তা বিভাগ /সচিবালয় | ১৪,২৪,০০ | ১৪,৮২,৭৫ | ১৫,৮৬,৫৩ | ১৬,৮৬,০০ |
| ০২ | বাংলাদেশ পুলিশ | ৫৯৫,২৮,৮০ | ৬৫৫,০৮,৯১ | ৭২২,৪১,০২ | ৭৯৬,৫৪,১৬ |
| ০৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ১৫,৫৪,০০ | ১৭,৪০,৯৩ | ১৮,৪৯,৮৪ | ১৯,৪৯,৮৪ |
| ০৪ | কোষ্ট গার্ড অধিদপ্তর | ১,৬৪,০০ | ১,৮৩,৫৫ | ২,০৫,৫৭ | ২,০৭,০০ |
| ০৫ | আনসার ও ভিডিপি | ১০,৮০,০০ | ১২,০৯,৮৬ | ১২,৫৫,০৪ | ১৩,৫৫,০০ |
| | **মোট** | ৬৩৭,৫০,৮০ | **৭০১,২৬,০০** | **৭৭১,৩৮,০০** | **৮৪৮,৫২,০০** |

**(খ) উন্নয়ন খাতের লক্ষ্যমাত্রা/প্রাক্কলন/প্রক্ষেপনঃ**

**পরিচালন ও উন্নয়ন খাতে প্রস্তাবিত ব্যয়সীমা** **(অংকসমূহ হাজার টাকায়)**

| নং | মন্ত্রণালয়/দপ্তর/ অধিদপ্তর | পরিচালন | উন্নয়ন |
|---|---|---|---|
| | | ২০২০-২০২১ অর্থবছরের বাজেট প্রাক্কলন | ২০২০-২০২১ অর্থবছরের বাজেট প্রাক্কলন |
| | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৫৮,১৬,৫৭ | ১,০০,০০ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | - |
| ৩ | তদন্ত সংস্থা | ১৪,১৮,৫০ | - |
| ৪ | এনটিএমসি | ১৮১,২৭,৬০ | ২০,০০,০০ |
| ৫ | ইন্টারপোল | ৭০,০০ | - |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৪৮২০,০০,৯২ | ১৬০০,০০,০০ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৬০০,৮৯,৮২ | ১৫০,০০,০০ |
| ৮ | বাাংলাদেশ কোস্ট গার্ড | ৬৮০,৮৭,৩০ | ২৬০,০০,০০ |
| ৯ | আনসার ও ভিডিপি | ১৬৫০,৫৯,২৯ | ৩৫,০০.০০ |
| | মোট= | ২১১০৬,৮১,০০ | ২০৬৬,০০,০০ |
| ১০ | উন্নয়ন কর্মসুচি | -- | - |
| ১১ | থোক বরাদ্দ | -- | ৩৪,০০,০০ |
| | **মোট পরিচালন ও উন্নয়ন ব্যয়** | ২১১০৬,৮১,০০ | **২১০০,০০,০০** |

চলমান পাতা-২

(গ) উন্নয়ন খাতের লক্ষ্যমাত্রার প্রাক্কলন/প্রক্ষেপনঃ

| নং | জননিরাপত্তা বিভাগ/দপ্তর/অধিদপ্তর | প্রক্ষেপন ২০২১-২০২২ | প্রক্ষেপন ২০২২-২০২৩ | প্রক্ষেপন ২০২১-২০২২ | প্রক্ষেপন ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|
| | | পরিচালন | | উন্নয়ন | |
| ০১ | জননিরাপত্তা বিভাগ | ১৯০,২৩,৬১ | ২৪২,৩৭,১১ | ১,০০,০০ | - |
| ০২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | ১১,০০ | - | - |
| ০৩ | তদন্ত সংস্থা | ১৫,১৯,২৭ | ১৬,০২,৮২ | - | - |
| ০৪ | এনটিএমসি | ৩৫০,৩৩,৩১ | ৫০১,২৪,৪৭ | ১০,০০,০০ | ১০,০০,০০ |
| ০৫ | ইন্টারপোল | ৭০,০০ | ৭০,০০ | - | - |
| ০৬ | বাংলাদেশ পুলিশ | ১৫৬০৭,৩০,১১ | ১৬৪৮১,৫০,৭৬ | ১৭১০,০০,০০ | ১৮৫০,০০,০০ |
| ০৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৮০৮,৩৭,৯৭ | ৪০৫৭,৫৮,২০ | ১৫০,০০,০০ | ১৬০,০০,০০ |
| ০৮ | কোস্ট গার্ড অধিদপ্তর | ৭৫০,০১,০৩ | ৮৫০,৬৫,৫৮ | ২৫০,০০,০০ | ২০০,০০,০০ |
| ০৯ | আনসার ও ভিডিপি | ১৭০০,১৫,৭০ | ১৮৯৫,৮০,০৬ | ৩৫,০০,০০ | ৩৫,০০,০০ |
| | মোট= | ২২৪২২,৪২,০০ | ২৪০৪৬,০০,০০ | ২১৫৬,০০,০০ | ২২৫৫,০০,০০ |
| ১০ | উন্নয়ন কর্মসুচি | -- | -- | -- | -- |
| | থোক | -- | -- | ৪৪,০০,০০ | ৪৫,০০,০০ |
| | **মোট পরিচালন** | ২২৪২২,৪২,০০ | ২৪০৪৬,০০,০০ | ২২০০,০০,০০ | **২৩০০,০০,০০** |

০৪। সভায় উপস্থাপিত উপরিবর্ণিত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা কোষ, মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগন এবং প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা আলোচনায় অংশগ্রহন করেন। আলোচনায় ২০১৯-২০২০ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জন করা সম্ভব হবে মর্মে অধিদপ্তরের কর্মকর্তাগন একমত পোষন করেন। তবে সভায় উপস্থিত বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি বলেন যে, বাংলাদেশ পুলিশের আন্তর্জাতিক শান্তি মিশনের কন্টিনজেন্ট কমে যাওয়ায় তাদের আয়ের পরিমান কম হবে তথাপিও প্রদত্ত সিলিং অর্জনের জন্য তাঁরা সচেষ্ট থাকবেন।

০৫। সভার প্রতিনিধিগণ জানান যে, বাংলাদেশ পুলিশ এর রংপুর ও গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, এন্টি টেররিজম ইউনিট গঠন,বিভিন্ন জেলায় নতুন সার্কেল অফিস স্থাপন,এপিসিসহ আধুনিক সরঞ্জাম ক্রয়, জনবল বৃদ্ধি, বর্ডারগার্ড বাংলাদেশ এর ২য় পর্যায়ের পুণ:গঠন এবং নতুন জনবল নিয়োগ, বর্ডার সার্ভিলেনন্স সিস্টেম স্থাপন, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নতুন জনবল নিয়োগ, অস্ত্র ও গোলা বারুদ ক্রয়, বাংলাদেশ কোস্ট গার্ড এর ভূমি অধিগ্রহণ, চারটি হোভার ক্রাফট, ড্রোন ক্রয়, এনটিএমসির যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয় এবং আইন-শৃংখলা বাহিনী সার্বক্ষনিক মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের কারনে জ্বালানী ও অন্যান্য খাতে ব্যয়ের পরিমান আবশ্যিকভাবে বৃদ্ধি পেয়েছে বিধায় চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল। তাছাড়া উন্নয়ন বাজেটের প্রতিনিধি জানান যে, আগামী ২০২০-২০২১ অর্থবছরে ১০৪৪ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন।

০৬। দপ্তর/অধিদপ্তরের উপর্যুক্ত অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি জননিরপত্তা বিভাগ সর্বোচ্চ গুরুত্ব বিবেচনা করে কার্যক্রম গ্রহণ করেছে এবং ইতোমধ্যে অর্থ বিভাগের সহিত ফলপ্রসু আলোচনার মাধ্যমে সিলিং বহির্ভূত অতিরিক্ত বরাদ্দের সংস্থাণ করা হয়েছে। যা অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগের সহিত আলোচনা পূর্বক যৌক্তিকভাবে বিভাজন করা হয়েছে। তবে দেশের আইন-শৃংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ,পুলিশের নতুন ইউনিট গঠন এবং আগামী নির্বাচনে দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা করে তার ক্রয় কার্য যৌক্তিক সময়ের পূর্বেই শেষ করতে হবে। ভবিষ্যৎ বাজেট সিলিং বর্ধিত করণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় প্রদত্ত সিলিং এর মধ্যে আগামী ২০১৯-২০২০ অর্থ বছরের পরিচালন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান।

চলমান পাতা-৩

০৭। সভায় রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

(ক) আগামী ২০২০-২০২১ অর্থবছরের জন্য পচিালন ও উন্নয়ন উভয় খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগকে অনুরোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) পরিাচলন ও উন্নয়ন উভয় বাজেটের ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের প্রক্ষেপন যৌক্তিকতাসহ প্রকৃত চাহিদা নিরুপণ করে বাস্তব ভিত্তিক প্রক্ষেপন সংশোধনী আকারে অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রদত্ত বাজেট সিলিং এর প্রতিটি এন্ট্রি যৌক্তিকভাবে ইনপুট দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কারণ অর্থ বিভাগের যৌক্তিকরণ সভায় তা গ্রহণ যোগ্য হতে হবে।

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০২১.২০১৯- তারিখঃ ১০/১২/২০১৯খ্রিঃ

১। ----------------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০২১.২০১৯- ৭৭৪/১৮(৪) তারিখঃ ১০/১২/২০১৯খ্রিঃ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব